

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০০৫.২০১১(অংশ-১)- ১০৪

তারিখ : ১৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৮ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন কালারুকা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব আব্দুল মুকিত নেরাই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত দীর্ঘদিন যাবৎ বিদেশে বসবাস করায় এবং উক্ত ইউপি সদস্য গত মে, ২০১৭ হতে পরিষদের সকল সভায় অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট ওয়ার্ডের সার্বিক কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে;

যেহেতু, উল্লিখিত সদস্যের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্তকালে অভিযুক্ত ইউপি সদস্য বিনা অনুমতিতে বিদেশ গমন করার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ অনুরোধ জানিয়েছেন;

সেহেতু, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন কালারুকা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব আব্দুল মুকিত নেরাই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত দীর্ঘদিন যাবৎ বিদেশে বসবাস করায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgun1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০০৫.২০১১(অংশ-১)- ১০৪

তারিখ : ১৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৮ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব আব্দুল মুকিত নেরাই (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ০২নং ওয়ার্ড, কালারুকা ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব